



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd



নম্বর-১৫.০০.০০০০.০১৯.০২.০০১.২০-২২


তারিখঃ ১০ মাঘ ১৪২৮
২৪ জানুয়ারি ২০২২

বিষয়ঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন বিলুপ্ত টাইমস-বাংলা ট্রাস্টের অকেজো ঘোষিত যন্ত্রপাতি/মালামাল নিলামে বিক্রয়ের নিমিত্ত সংযুক্ত নিলাম বিজ্ঞপ্তি 'দৈনিক ইত্তেফাক' এবং 'দৈনিক বাংলাদেশ প্রতিদিন' পত্রিকায় আগামী ২৬ জানুয়ারি, ২০২২ তারিখ ভিতরের পাতায় সংক্ষিপ্ত পরিসরে মুদ্রণ/প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। দরপত্র বিজ্ঞপ্তি মুদ্রণ/প্রকাশের পর ০৫(পাঁচ) কপি পত্রিকা এবং ০৩(তিন) কপি বিল নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি।


(মুহাম্মদ দেলোয়ার হোসেন)
উপসচিব (প্রেস-১)
ফোন : ৯৫৪০৪৬২
e-mail : as.press@moi.gov.bd

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ০১। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক, ৪০, কাওরান বাজার, ঢাকা।
- ০২। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, ৩৭১/এ, ব্লক-বি, বসুন্ধরা, বারিধারা, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা (আলোচ্য দরপত্র দাখিলের জন্য টেন্ডার বক্স প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দরপত্র বিজ্ঞপ্তি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব(প্রেস)/ যুগ্মসচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৫.০০.০০০০.০১৯.০২.০০১.২০-২১

তারিখঃ ১০ মাঘ ১৪২৮
২৪ জানুয়ারি ২০২২


নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

১নং রাজউক অ্যাভিনিউস্থ প্রাক্তন টাইমস-বাংলা ট্রাস্টভুক্ত দৈনিক পত্রিকা/সাময়িকীসমূহের প্রিন্টিং প্রেস ও আনুষঙ্গিক যন্ত্রপাতি যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রির উদ্দেশ্যে আগ্রহী TIN ধারী বাংলাদেশের প্রকৃত নাগরিক/প্রতিষ্ঠান ঠিকাদার-এর নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে:

শর্তাবলি:

১. নিলাম দরপত্র শিডিউল আগামী ২৬/০১/২০২২ খ্রি. তারিখ থেকে ১৬/০২/২০২২ খ্রি. তারিখ প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকা হতে বেলা ০১.০০ ঘটিকা পর্যন্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বরাবরে ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট-এর বিনিময়ে উপসচিব (প্রেস-১), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, কক্ষ নম্বর-৮০৭, ভবন নম্বর-০৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং মহাপরিচালক চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা হতে ক্রয় করা যাবে।
২. দরপত্রের সাথে উদ্ধৃত মোট মূল্যের শতকরা ২.৫% হারে জামানত হিসাবে যে কোনো তফসিলী ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডারের মাধ্যমে সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বরাবর দাখিল করতে হবে।
৩. আগামী ১৭/০২/২০২২ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১.০০ টার মধ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের (ভবন নম্বর-৪, ৯ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) ৮০৭ নম্বর কক্ষে এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকায় রক্ষিত দরপত্র বাজে সিলমোহরকৃত খামে দরপত্র গৃহীত হবে এবং ঐদিন দুপুর ২.০০ টায় চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, তথ্য ভবনে দরদাতাগণ/প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
৪. কৃতকার্য দরদাতা তার উদ্ধৃত দর ট্রেজারি চালানোর মাধ্যমে ১-৩৩০১-০০০১-২৬৮১ নম্বর কোডে উদ্ধৃত দরের উপর সরকারি বিধিমতে ট্যাক্স ১-১১৪১-০০০৫-০১১১ নং কোডে এবং বিধি মোতাবেক ভ্যাট ১-১১৩৩-০০৩৫-০৩১১ নং কোডে জমা প্রদান সাপেক্ষে নিলাম আদেশ/ সার্টিফিকেট প্রদান করা হবে।
৫. সর্বোচ্চ নিলাম দরদাতাকে দরপত্র ও প্রস্তাব অনুমোদনের তারিখ হতে ০১ (এক) মাসের মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করতে নিজ ব্যয়ে যাবতীয় মালামাল সরিয়ে নিতে হবে। অন্যথায় জামানতের সম্পূর্ণ অর্থ এবং যে সকল যন্ত্রপাতি সরিয়ে নিতে ব্যর্থ হবেন, তা বাজেয়াপ্ত করা হবে।
৬. কৃতকার্য দরদাতার জামানতের অর্থ সর্বশেষ মালামাল সরানোর পর সমন্বয় করা হবে।
৭. শিডিউলে বর্ণিত দফাওয়ারি বা একত্রে দর উদ্ধৃত করা যাবে।
৮. অকৃতকার্য দরদাতাদের জামানত যথাসময়ে ফেরত দেওয়া হবে।
৯. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের এবং উল্লিখিত শর্ত সংশোধন/সংযোজন/বিয়েজনের ক্ষমতা সংরক্ষণ করেন।

উল্লেখ্য, দরপত্রদাতাদের সুবিধার্থে ২৬/০১/২০২২ খ্রি. তারিখ হতে ১৫/০২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০.৩০মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত ১নং রাজউক অ্যাভিনিউস্থ ঠিকানায় প্রেসসহ যাবতীয় যন্ত্রপাতি সরেজমিন পরিদর্শন করা যাবে।


(মুহাম্মদ দেলোয়ার হোসেন)
উপসচিব

ফোন : ৯৫৪০৪৬২

e-mail : as.press@moi.gov.bd